দৈনিক
ইত্তেফাক

তারিখ ... AUG 24 2006 ....
পৃষ্ঠা ১২ কলাম ৩....

# ৪৯টি বিদ্যালয় সংস্কারের নামে লাখ লাখ টাকা লোপাটের অভিযোগ

॥ মৌলভীবাজার সংবাদদাতা ॥

মৌলভীবাজার সদর উপজেলার ৪৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় সংস্কার তহবিলের ১৪ লাখ ৭০ হাজার টাকা লুট-পাট করে খাওয়ার এক অভিযোগ পাওয়া গেছে। জানা যায় যে, চলতি ০৬-০৭ অর্থবছর সংশ্লিষ্ট মন্ত্রণালয় মৌলভীবাজার সদর উপজেলার ৪৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয় সংস্কার করার জন্য ১৪ লাখ ৭০ হাজার টাকা বরাদ্দ করে। বরাদ্দকৃত টাকা ৪৯ টি বিদ্যালয়ের মধ্যে সমবন্টন করে দেয়া হয়। এই হিসাবে প্রতিটি বিদ্যালয়কে গত জুলাই মাসে ৩০ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়।

বরাদ্দকৃত টাকা দিয়ে উল্লেখিত বিদ্যালয়গুলোর চেয়ার, টেবিল, বোর্ড, চুনকাম, দরজা, জানালা মেরামত করার কথা থাকলেও বাস্তবে তার কিছুই করা হয়নি। সরেজমিন ঘুরে দেখা যায় শহরের কয়েকটি বিদ্যালয় লোক দেখানোর জন্য বিদ্যালয়ের বাহিরের ওয়ালের অর্ধেক অংশে ভালভাবে নতুন চুন দিয়ে রেখে দেয়া হয়েছে। শহরের সৈয়ারপুর এলাকার ১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গেলে সংস্কার কাজের কোন আলামতই দেখা যায়নি।

এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষিকাকে জিজ্ঞাসা করলে কোন ধরনের সংস্কার কাজ বা কাজে নিয়োজিত কোন লোক দেখাতে পারেননি। শহরের শান্তিবাগ এলাকায় আরেকটি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন গত কয়েক বছর পূর্বে নির্মাণ করা হয়। নবনির্মিত ভবনের আসবাবপত্রসহ সব কিছুই নতুন। শুধু দুষ্ট ছেলেরা কয়েকটি জানালার কাঁচ ভেঙ্গে ফেলেছে। এ ছাড়া মেরামত করার কোন কিছুই দেখা যায়নি। এই স্কুলের ৩০ হাজার টাকা কোথায় খরচ করা হয়েছে তার কোন হদিস পাওয়া যায়নি। সব চাইতে বেশী অনিয়ম হয়েছে এই স্কুলে। স্থানীয়ভাবে এই স্কুলের বিরুদ্ধে আরও অনেক অভিযোগ আছে।

একইভাবে শহরের শাহ মস্তফা সড়কস্থ, পুরাতন হাসপাতাল সড়কস্থ ও গবিন্দশ্রী এলাকাস্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে আদৌ কোন সংস্কার কাজ করা হয়নি। এই একই অবস্থা বিরাজ করছে বরাদ্দপ্রাপ্ত বাকি সকল বিদ্যালয়ে। এভাবে ৪৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় সংস্কারের সব টাকা লুটে-পুটে খাওয়া হচ্ছে।